



পুরো দেশের কাছে মির্জা আব্বাস বাহিনীর হামলার বিচার দিলাম: পাটওয়ারী



সংগৃহীত ছবি

ঢাকা-৮ আসনের ১১ দলীয় জোটের প্রার্থী ও এনসিপি মুখ্য সমন্বয়ক নাসিরুদ্দীন পাটওয়ারী অভিযোগ করেছেন, ছাত্রদল ও মির্জা আব্বাসের অনুসারীরা তার ওপর হামলা চালিয়েছে। তিনি বলেন, এসব ঘটনার বিচার জনগণ ১২ তারিখের ভোটে দেবে।

মঙ্গলবার ফকিরাপুলে এক সংবাদ সম্মেলনে তিনি বিএনপি চেয়ারম্যান তাকে রহমানের কাছে দোষীদের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়ার দাবি জানান। একই সঙ্গে ঘোষণা দেন, ফল যাই হোক, এলাকায় সন্ত্রাসের প্রভাব বিস্তার হতে দেবেন না।

এ সময় এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম অভিযোগ করেন, তরুণ প্রার্থীদের লক্ষ্য করে হামলা হচ্ছে এবং নির্বাচনে সমতল মাঠ নেই। তিনি দাবি করেন, হামলাগুলো পরিকল্পিত। এর আগে মঙ্গলবার সকালে হাবিবুল্লাহ বাহার কলেজে আমন্ত্রিত অতিথি হিসেবে গেলে পাটওয়ারী বাধার মুখে পড়েন এবং তার দিকে ডিম ছোড়ার ঘটনা ঘটে। গত শুক্রবারও তার গণসংযোগে একই ধরনের ঘটনা ঘটেছিল, যার ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে।